তারিখ ... 03. MAY 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৩... ......

দৈনিক
ইত্তেফাক

# বরিশালে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে আহত ১৫

■ বরিশাল অফিস

মে দিবসের মিছিলে লোক নেয়াকে কেন্দ্র করে গতকাল রবিবার দুপুরে ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে দফায় দফায় সংঘর্ষের ঘটনায় ১৫ জন আহত হয়েছে। এ সময় বিএম কলেজের মুসলিম হলের ১০৩নং রুম ভাংচুর করা হয়েছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

বিএম কলেজের রাষ্ট্রবিজ্ঞানের চতুর্থ বর্ষের ছাত্র ও ছাত্রলীগ নেতা রইজ আহম্মেদ মান্নার অনুসারী রুম্মান গতকাল সকালে শ্রমিক দলের মে দিবসের মিছিলে অংশগ্রহণের জন্য জোরপূর্বক বিএম কলেজের মুসলিম হল থেকে ছাত্রদের নিয়ে যায়। ওই দিন দুপুরে মিছিল শেষে মান্না তার অনুসারীদের নিয়ে নগরীর অমৃত লাল দে সড়কের গুপ্ত কর্ণারের মোড়ে অবস্থান নেয়। সেখানে বসে তারা মিছিল থেকে ফিরতে থাকা জেলা ছাত্রলীগের সহ-সভাপতি ও বিএম কলেজ ছাত্রলীগ নেতা আতিকুল্লাহ মুনিমের অনুসারীদের গালিগালাজ করেন।

**বরিশালে প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু**

বরিশালে প্রথমবারের মতো বেসরকারি গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হয়েছে। গতকাল সোমবার সকালে নগরীর নথুল্লাবাদ শেরেবাংলা সড়কে উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টের সেক্রেটারী সাবেক স্থানীয় সরকার প্রতিমন্ত্রী জাহাঙ্গীর কবির নানক এমপি। ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সৈয়দা আঞ্জুমান বানু নার্গিসের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন গ্লোবাল ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অজয় কুমার দাস, ভারপ্রাপ্ত ট্রেজারার প্রফেসর তপন কুমার বল। বরিশাল-ঢাকা মহাসড়কের বাবুগঞ্জ উপজেলার বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর সেতুর (দোয়ারিকা) পশ্চিমপ্রান্তে স্থায়ী ক্যাম্পাস নির্মাণ প্রক্রিয়াধীন হলেও অস্থায়ীভাবে জিয়া সড়কে ২টি বহুতল ভাড়া ভবনে এর কার্যক্রম শুরু হয়।